PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–303

(বাংলা কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। দার্শনিক বার্গস 'La Duree' শব্দটি কী অর্থতাৎপর্যে উল্লেখ করেছেন? জেমস জয়েস-এর একটি চেতনাপ্রবাহধর্মী উপন্যাসের নাম লেখো। বাংলা উপন্যাসে চেতনাপ্রবাহ ধারায় 'অন্তঃশীলা' উপন্যাসের অবস্থান, নির্মাণ ও সার্থকতার স্বরূপ আলোচনা করো। ১+১+১২=১৪

২। 'জাগরী' উপন্যাসটি কোন্ আন্দোলনের পরিপ্রেক্ষিতে লেখা? লেখক গ্রন্থটি কোথায় বসে লিখেছেন? ''উপন্যাসের প্রত্যেকটি চরিত্রই বিলুকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে এবং বিলুই এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র।'' আলোচনা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'পথের পাঁচালী' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসটি যে কয়টি পরিচ্ছেদে বিভক্ত, সেগুলির শিরোনাম উল্লেখ করো। 'পথের পাঁচালী'র কাহিনি ভাবনায় দুর্গা চরিত্রের সংযোজন সমগ্র উপন্যাসটিকে গভীর ব্যঞ্জনাময় করে তুলেছে। বিশ্লেষণ করো। ১+৩+১০=১৪

৪। ''বিভূতিভূষণের কোন্ দিনলিপিটি রবীন্দ্রনাথকে উৎসর্গীকৃত? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। '' 'পথের পাঁচালী'র আখ্যানটি আসলে খণ্ড সময়ের বুকে দাঁড়িয়ে মহাসময়ের বোধে পৌঁছোনোর এক অনিঃশেষ যাত্রা।'' আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। বনফুল 'ডানা' উপন্যাসটি কাকে উৎসর্গ করেছেন? 'ডানা' উপন্যাসে মোট কয়টি পত্র লেখা হয়েছে? নারীচেতনাবাদের আলোকে 'ডানা' উপন্যাসের নারীচরিত্র নিয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১+১+১২=১৪

৬। বনফুলের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। বনফুলের মূল নাম কী? ''বিজ্ঞানী ও কবির সাথে যুক্ত হয়েছেন ঔপন্যাসিক বনফুল। এই ত্রিবিধ ফুলবনের সম্মিলনে 'ডানা' উপন্যাসের সৃষ্টি।'' মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। মানিক বন্দ্যোপাধ্যায়ের রচিত প্রথম গল্প কোনটি? গল্পটি কত সালে প্রকাশিত হয়? ''মানিক বন্দ্যোপাধ্যায়ের সৃষ্টির স্বাতন্ত্র্যের মূলে আছে তাঁর জীবনবোধের ভিন্ন মাত্রার বীক্ষা। তাই বহির্বাস্তবের সীমানা পেরিয়ে তাঁর দৃষ্টিতে উদ্ভাসিত হয়ে উঠেছে দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পরিস্থিতিতে অবক্ষয়ী সমাজের জীবনসত্য।'' তোমার পঠিত গল্প অবলম্বনে মতটির গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৮। কমলকুমার মজুমদারের প্রথম গল্প-সংকলনটির নাম লেখো। কমলকুমারের যে গল্পটি পাঠকমহলে প্রথম সাড়া জাগিয়েছিল, সেটি কোনটি? ''কমলকুমারের ভাষা যতই দুরূহ হোক না কেন, তাঁর গল্পের বিষয়বস্তু মানবিকতাবোধে উদ্ভাসিত।'' পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। মিথিলেশ ভট্টাচার্যের 'কক্ষপথ' গল্প-সংকলনটি প্রথম কত সালে প্রকাশিত হয়? এই গল্পকারের অন্য যে কোনো একটি গল্পগ্রন্থের নাম লেখো। ''বিষয় বৈচিত্র্যে এবং আঙ্গিকের প্রয়োগে মিথিলেশের দক্ষতা অনস্বীকার্য। বাস্তব থেকে যে অভিজ্ঞতা অর্জন করেন গল্পকার তা দিয়েই নির্মাণ করেন গল্পের বাস্তব।'' পঠিত গল্প অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

১০। হাসান আজিজুল হক-এর জন্মসাল উল্লেখ করো। 'আত্মজা ও একটি করবী গাছ' গল্পটি প্রথম কত সালে প্রকাশিত হয়? ''বাংলাদেশের দারিদ্র্য-পীড়িত গ্রামীণ জীবন গল্পকারের সংবেদনশীল লেখনী-স্পর্শে জীবন্ত হয়ে উঠেছে।'' হাসান আজিজুল হক-এর গল্প সম্পর্কে এই মন্তব্য কতটা গ্রাহ্য, পর্যালোচনা করো। ১+১+১২=১৪

★★★